



## নতুন পাঁচটি পান্ডুলিপি প্রকাশ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত



৯ ফেব্রুয়ারি ২০২১-মঙ্গলবার জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে পান্ডুলিপি প্রকাশ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের পক্ষে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং প্রত্যেক পান্ডুলিপির লেখক স্ব-স্ব পান্ডুলিপির পক্ষে চুক্তি স্বাক্ষর করেন। এসময় পান্ডুলিপি মুদ্রণ কমিটির আহবায়ক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রকাশনা ও গবেষণায় আরো উদ্যোগী হওয়ার ধারাবাহিকতায় তৃতীয় পর্যায়ে মোট পাঁচটি পান্ডুলিপি প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নতুন পান্ডুলিপিগুলোর মধ্যে রয়েছে- ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম এর 'ইসলামে প্রতিবন্ধীদের অধিকার ও মর্যাদা: জাতিসংঘ সনদ ও বাংলাদেশের প্রেক্ষাপটে একটি পর্যালোচনা', যুগ্মভাবে মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন ও সরকারী বিএল কলেজের সহযোগী অধ্যাপক ড. এস. এম. আজিজুল ইসলাম এর 'Crowding and Mental Health in Dhaka City', সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. সাবিনা শরমীন এর 'Juvenile Delinquency in Bangladesh: Dynamics and Legal Implications', সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন এর 'Exploring the Health



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



Care Experiences of Older Women in Rural Bangladesh' এবং সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফারহানা জমান এর 'Sociology of Disaster: Concepts, Perspectives and Theories'।

ইতিপূর্বে মোট ১০ টি পান্ডুলিপি প্রকাশ হয়েছে এছাড়া আরো ৯ টি পান্ডুলিপি মুদ্রনে প্রক্রিয়াধীন রয়েছে।